

## 💵 মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ১২৫৯

২৯. তালাক অধ্যায় (کتاب الطلاق)

পরিচ্ছেদঃ ৩৫. শোক পালনের ব্যাপারে করণীয় বিষয়ের বর্ণনা

بَابِ مَا جَاءَ فِي الْإِحْدَادِ

## আরবী

حَدَّتَنِي يَحْيَى عَنْ مَالِك عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي بَكْرِ بْنِ مُحَمَّدِ بْنِ عَمْرِو بْنِ حَزْمٍ عَنْ حُمَيْدِ بْنِ نَافِعٍ عَنْ زَيْنَبَ بِنْتِ أَبِي سَلَمَةَ أَنَّهَا أَخْبَرَتْهُ بِهَذِهِ الْأَحَادِيثِ الثَّلَاثَةِ قَالَتْ زَيْنَبُ دَخَلْتُ بُنِ نَافِعٍ عَنْ زَيْنَبَ بِنْتِ أَبِي سَلَمَةَ أَنَّهَا أَخْبَرَتْهُ بِهَذِهِ الْأَحَادِيثِ الثَّلَاثَةِ قَالَتْ زَيْنَبُ دَحْلُتُ عَلَى أُمِّ حَبِيبَةَ زَوْجِ النَّبِيِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَينَ تُوْفِي أَبُوهَا أَبُو سُفْيَانَ بْنُ حَرْبٍ عَلَى أُمُّ حَبِيبَةَ بِطِيبٍ فِيهِ صَفْرَةٌ خَلُوقٌ أَوْ غَيْرُهُ فَدَهَنَتْ بِهِ جَارِيَةً ثُمَّ مَسَحَتْ فَدَعَتْ أُمُّ حَبِيبَةَ بِطِيبٍ فِيهِ صَفْرَةٌ خَلُوقٌ أَوْ غَيْرُهُ فَدَهَنَتْ بِهِ جَارِيَةً ثُمَّ مَسَحَتْ بِعَارِضَيْهَا ثُمَّ قَالَتْ وَاللَّهِ مَا لِي بِالطِّيبِ مِنْ حَاجَةٍ غَيْرَ أَنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهُ وَسَلَّمَ يَقُولُ لَا يَحِلُ لِامْرَأَةٍ تُومْمِنُ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ أَنْ تُحِدً عَلَى مَيْتٍ فَوْقَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ لَا يَحِلُ لِامْرَأَةٍ تُومْمِنُ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ أَنْ تُحِدَّ عَلَى مَيْتٍ فَوْقَ تَلَاثِ إِلَا عَلَى زَوْجٍ أَرْبَعَةَ أَشْهُرٍ وَعَشْرًا

## বাংলা

রেওয়ায়ত ১০১. যয়নাব বিনত আবু সালমা (রহঃ) নাফি' (রহঃ)-এর নিকট তিনটি হাদীস বর্ণনা করিয়াছেন। তিনি বলেন, আমি নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সহধর্মিণী উদ্মে হাবীব (রাঃ)-এর ঘরে প্রবেশ করিলাম, যখন তাহার পিতা আবু সুফিয়ান ইবন হারব (রাঃ) ইন্তিকাল করেন, তখন তিনি হলুদ বর্ণের কিছু সুগিদ্ধি চাহিলেন। খুলুক [পাঁচ মিশালী খোশবু যাহাতে কয়েক প্রকারের সুগিদ্ধি দ্রব্যের সংমিশ্রণ রহিয়াছে জাফরান উহাদের অন্যতম] ছিল বা অন্য কোন সুগিদ্ধি। তিনি উহা তাহার বাদীকে লাগাইলেন। তারপর তাহার গণ্ডদ্বয়ে (খোশবু মাখা) হাত বুলাইলেন, অতঃপর বলিলেনঃ আল্লাহর কসম! আমার সুগিদ্ধির কোন প্রয়োজন নাই। কিন্তু আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলিতে শুনিয়াছি, আল্লাহ ও পরকালের প্রতি ঈমান রাখে এমন নারীর পক্ষে কোন মৃত ব্যক্তির জন্য তিন রাত্রির বেশি শোক পালন করা হালাল নহে। তবে স্ত্রী স্বামীর জন্য চার মাস দশ দিন (শোক পালন করিবে)।

## **English**

Yahya related to me from Malik from Abdullah ibn Abi Bakr ibn Muhammad



ibn Amr ibn Hazm from Humayd ibn Nafi that Zaynab bint Abi Salama related these three traditions to him. Zaynab said, "I visited Umm Habiba, the wife of the Prophet, may Allah bless him and grant him peace, when her father Abu Sufyan ibn Harb had died. Umm Habiba called for a yellowy perfume perhaps khaluq or something else. She rubbed the perfume first on a slave-girl and she then wiped it on the sides of her face and said, 'By Allah! I have no need of perfume but I heard the Messenger of Allah, may Allah bless him and grant him peace, say, 'It is not halal for a woman who trusts in Allah and the Last Day to abstain from adornment in mourning for someone who has died, for more than three nights, except for four months and ten days for a husband.'

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন